

Handwritten signature and date: ২৫/৬/১৬

Handwritten signature and date: ২৫/৬/১৬

মহা-পরিচালক
জনশক্তি ব্যুরো
প্রাপ্তির তারিখ: ০২/৬/২০১৬
ডায়েরী নং: ৮৬৭
পরিচালক: D(A)
অনুস্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ্জ অফিস
আশকোনা, বিমানবন্দর, ঢাকা।

নং-১৬.০৩.০০০০.০০১.০১.০০১.১৫-/২৭০

তারিখ ০১/০৬/২০১৬ খ্রিঃ

প্রেরকঃ- পরিচালক
হজ্জ অফিস, ঢাকা।

প্রাপকঃ- মহাপরিচালক
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো,
৮৯/২, কাকরাইল, ঢাকা।

বিষয়ঃ- ২০১৬ সনের হজ্জ উপলক্ষ্যে হজ্জ অফিস, ঢাকায় মৌসুমী (৩ মাস মেয়াদী) ২১টি বিভিন্ন গ্রেডের নন-গেজেটেড শূন্য পদে কর্মচারি নিয়োগের জন্য প্রার্থী প্রেরণ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ২০১৬ সনের হজ্জ উপলক্ষ্যে হজ্জ অফিস, ঢাকায় ২৬ জুন/২০১৬ হতে অনধিক ৩ (তিন) মাসের জন্য ২১ টি বিভিন্ন গ্রেডের নন গেজেটেড শূন্য পদে সরাসরি ভিত্তিতে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন লোক নিয়োগ করা হবে।
শূন্য পদসমূহের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল জাতীয় বেতনক্রম, ২০১৫ অনুযায়ী	চাকরির মেয়াদ	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	উচ্চমান সহকারী	১ (এক) টি	টাঃ ১০,২০০- ২৪,৬৮০/-	অনাধিক ৩ মাস।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/ডিগ্রী।	বাংলা ও ইংরেজীতে সুন্দর হস্তাক্ষরের অধিকারী।
২.	অফিস সহকারী-কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক	১৪ (চৌদ্দ)টি	টাঃ ৯,৩০০- ২২,৪৯০/-	ঐ	উচ্চমাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা।	কম্পিউটার জানা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
৩.	মাইক্রোফোন অপারেটর	১ (এক)টি	টাঃ ৯,৩০০- ২২,৪৯০/-	ঐ	স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	---
৪.	ফটোকপি অপারেটর	১ (এক)টি	টাঃ ৮,৮০০- ২১,৩১০/-	ঐ	স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ধারী।	ফটোকপি মেশিন চালানায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।
৫.	অফিস সহায়ক	৪ (চার)টি	টাঃ ৮,২৫০- ২০,০১০/-	ঐ	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	হজ্জকাজে পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

ক)	আবেদনকারীকে সরকার নির্ধারিত চাকুরির আবেদন ফরমে আবেদন করতে হবে।
খ)	আবেদনপত্রের সহিত সদ্যতোলা পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
গ)	আবেদনকারির বয়সসীমা ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের বেলায় ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
ঘ)	মহিলা, মুক্তিযোদ্ধা পোষ্য, এতিম, প্রতিবন্ধী/আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য এবং উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

Handwritten number: 1958

১৫


চলমান পাতা-২

-৪২৪-

ঙ)	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।
চ)	আগামী ২৩/০৬/২০১৬খ্রিঃ তারিখ বেলা ১১.০০ টায় হাজ্ঞ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকায় প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।
ছ)	প্রার্থীদেরকে নির্বাচনী পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার যাতায়াত ও দৈনিক ভাতা দেয়া হবে না।
জ)	প্রার্থী/প্রার্থীনির সাক্ষাৎকারের সময় শিক্ষাগতযোগ্যতার সকল সনদপত্রের মূলকপি অবশ্যই প্রদর্শন করতে হবে।

২। বর্ষিতবস্থায়, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস ঢাকার মাধ্যমে প্রাপ্ত প্রার্থীদের আবেদনপত্র সমূহ আগামী ২০/০৬/২০১৬খ্রিঃ তারিখের মধ্যে হাজ্ঞ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

একান্তভাবে আপনার



(মোঃ আবদুল মালেক)

সহকারী হাজ্ঞ অফিসার

পরিচালকের পক্ষে

ফোন: ৭৯১২৩৯১।

তারিখ ০১/০৬/২০১৬ খ্রিঃ

নং-১৬.০৩.০০০০.০০১.০১.০০১.১৫-

অনুলিপিঃ

- ১। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন (৩য় ফেইজ), সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, প্রবাসী কল্যান ভবন, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।

(মোঃ আবদুল মালেক)

সহকারী হাজ্ঞ অফিসার